

২০/৭/৬৮

তারিখ ... JUL-11-1998 ...
পৃষ্ঠা ৩৬

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়মুখী শাটল ট্রেনে গণছিনতাই

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় প্রতিনিধি

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়গামী শাটল ট্রেনে গণছিনতাই হয়েছে। ছিনতাইকারীদের হামলায় বিশ্ববিদ্যালয়ের ছাত্র ও কর্মচারীসহ প্রায় ১২ জন আহত হয়েছে। গত রোববার রাত সাড়ে ৮টায় চট্টগ্রাম শহর ছেড়ে ট্রেনটি বিশ্ববিদ্যালয় যাওয়ার পথে আমবাগান

পৌছলে এ ঘটনা ঘটে। জানা যায়, ট্রেনটি বটতলী স্টেশন ছেড়ে আমবাগান এলাকায় আসলে ড্রাইভার ট্রেন ধীরে চালায়। এ সময় একদল ছিনতাইকারী ট্রেনে উঠে ছাত্রদের মারপিট করে। শাটল ট্রেনে কোন বাতির ব্যবস্থা নেই। অন্ধকারে ছাত্ররা ভীত হয়ে নগদ টাকা, হাতঘড়িসহ যার যা ছিল তা দিয়ে দেয়। কয়েকজন ছাত্র জানায় তারা মাস শেষে টিউশনির টাকা নিয়ে ট্রেন : পৃষ্ঠা : ১৫ কলাম : ৬

ট্রেন : গণছিনতাই

(শেষ পৃষ্ঠার পর)

ফিরছিল। ছিনতাইকারীরা ট্রেনে উঠলে আনোয়ার নামে একজন ছাত্র প্রাণভয়ে ট্রেন থেকে লাফ দিলে তার পা ভেঙে যায়। এ ঘটনার পর ট্রেন ক্যাম্পাসে পৌছলে ছাত্ররা ড্রাইভারকে আটক করে শাহ আমানত হলে নিয়ে যায়। তাদের অভিযোগ ড্রাইভারের জন্য ছিনতাইকারীরা ট্রেনে উঠতে পেরেছে। পরে বিশ্ববিদ্যালয় প্রশাসন হল থেকে ড্রাইভারকে ছাড়িয়ে আনে।
চ.বি. ছাত্রলীগ ছিনতাইয়ে ক্ষতিগ্রস্তদের ক্ষতিপূরণ দেয়ার জন্য কর্তৃপক্ষের কাছে দাবি জানিয়েছে। এক বিবৃতিতে সভাপতি ও সাধারণ সম্পাদক অবিলম্বে ছাত্রদের নিরাপত্তার লক্ষ্যে শাটল ট্রেনে সিকিউরিটি মোতায়েনের দাবি জানিয়েছেন।
বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ বলেছে, তারা রেলওয়ের কাছে এর জন্য ক্ষতিপূরণ ও ঘটনার ব্যাখ্যা চাইবে।